

🗏 আল-হুজুরাত | Al-Hujurat | ٱلْحُجُرَات

আয়াতঃ ৪৯:8

💵 আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ يُنَادُونَكَ مِن وَّرَآءِ الحُجُراتِ اَكْتُرُهُم لَا يَعقِلُونَ ﴿٢﴾

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় যারা তোমাকে হুজরাসমূহের পিছন থেকে ডাকাডাকি করে তাদের অধিকাংশই বুঝে না। — আল-বায়ান যারা তোমাকে হুজরার বাইরে থেকে (উচ্চঃস্বরে) ডাকে, তাদের অধিকাংশেরই কোন জ্ঞান নেই। — তাইসিরুল যারা ঘরের পিছন হতে তোমাকে উচ্চৈঃস্বরে ডাকে তাদের অধিকাংশই নির্বোধ। — মুজিবুর রহমান Indeed, those who call you, [O Muhammad], from behind the chambers - most of them do not use reason. — Sahih International

৪. নিশ্চয় যারা হুজরাসমূহের পিছন থেকে আপনাকে উচ্চস্বরে ডাকে, তাদের অধিকাংশই বুঝে না।

তাফসীরে জাকারিয়া

(৪) যারা কক্ষসমূহের পিছন হতে তোমাকে উচ্চ স্বরে ডাকে তাদের অধিকাংশই নির্বোধ। [1]

[1] এই আয়াত বনী তামীম গোত্রের কিছু বেদুঈন (অভদ্র) লোকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে; তারা একদা দুপুর বেলায়, নবী করীম (সাঃ)-এর বিশ্রামের সময়, তাঁর ঘরের বাইরে দাঁড়িয়ে অসভ্য ভঙ্গিতে 'ওহে মুহাম্মাদ! ওহে মুহাম্মাদ!' বলে ডাকাহাঁকা করতে লাগল; যাতে তিনি বেরিয়ে আসেন। (মুসনাদ আহমাদ ৩/৪৮৮, ৬/৩৯৪) মহান আল্লাহ বললেন, তাদের অধিকাংশই অবুঝ। অর্থাৎ, নবী করীম (সাঃ)-এর মান-মর্যাদা, আদব ও শ্রদ্ধার দাবীসমূহের খেয়াল না রাখা হল মূর্খতা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4616

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন